# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

**কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ।**

**ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,**
**www.mymensingheducationboard.gov.bd**


স্মারক নং : ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৩৫(ক) তারিখঃ ০১/০৯/২০২৩খ্রিঃ

**বিষয় : এইচএসসি পরীক্ষা- ২০২৩ এর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

সূত্রঃ আন্ত: শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক ২৫/০৫/২০১৯ তারিখে স্বাক্ষরিত ৮৪/উ:মা:পরী:/৭৬(অংশ-১)/১৫/২০১৯ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে **এইচএসসি ২০২৩ পরীক্ষার সকল** ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **এইচএসসি পরীক্ষা- ২০২৩ এর ব্যবহারিক পরীক্ষা আন্তঃ শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬/০৯/২৩ তারিখ হতে ০৪/১০/২৩** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শুরু করার পূর্বে অবশ্যই তাঁর কেন্দ্রের জন্য নিয়োগপ্রাপ্ত অভ্যন্তরীন/বহিরাগত পরীক্ষককে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষার তারিখ জানতে হবে । পরীক্ষার্থীদের **ব্যবহারিক** বিষয় সমূহের জন্য তত্ত্বীয় বিষয়ের স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে স্বাক্ষর লিপিতে অবশ্যই লালকালিতে 'অনু' লিখে দিতে হবে।পরীক্ষা শেষ হওয়ার পর **বোর্ডের অয়েব সাইটে CA/Practical Mark অপসনে কেন্দ্র প্রতিষ্ঠানের EIIN নম্বর ও Password দিয়ে প্রবেশ করে** ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রি করতে হবে। পরিশেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর কেন্দ্রের ব্যবহারিক পরীক্ষার বিষয় ও পত্র ভিত্তিক উত্তরপত্র ও অনলাইন নম্বরফর্দের কপি প্রিন্ট করে পৃথক পৃথকভাবে প্যাকেট করার ব্যবস্থা করবেন এবং সকল বিষয় ও পত্রের অনলাইন নম্বর ফর্দের ২ কপি প্রিন্ট করে ১ম কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং ২য় কপি বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিতে হবে। এতদসঙ্গে সরবরাহকৃত অভ্যন্তরীন/বহিরাগত পরীক্ষকগণের চুড়ান্ত তালিকার রিপোর্ট ফরমগুলো পূরণ করে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর বোর্ড নির্ধারিত তারিখে (ওয়েব সাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে) পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

**বি:দ্র: ১। এইচএসসি ২০২৩ পরীক্ষার নীতিমালার সেকশন ১৩ এর সাব সেকশন ০১ অনুসারে তত্ত্বীয় পরীক্ষার কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

**(ক)** পরীক্ষার্থীদের ব্যবহারিক নম্বরফর্দে ও উত্তর পত্রের প্যাকেটের শিরোনাম পত্রে অবশ্যই মুল কেন্দ্রের কোড লিখতে হবে।

**(খ) পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে মূল কেন্দ্রে বিশেষ কোন ব্যবহারিক বিষয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকলে মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রভুক্ত যে কলেজে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা গ্রহণের সুব্যবস্থা রয়েছে সেই কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।** বিষয়টি ভারপ্রাপ্ত কর্মকতা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে এবং পরীক্ষা নিয়ন্ত্রককে অবশ্যই অবহিত করবেন। এ ক্ষেত্রে পরীক্ষার্থীদের নম্বর পত্রের শিরোনাম পত্রের প্যাকেটে মূল কেন্দ্রের কোড লিপিবদ্ধ করতে হবে। কোন ক্রমেই ঐ কলেজের কোন কোড ব্যবহার করা যাবে না। মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নম্বরফর্দ ও উত্তরপত্র বোর্ডে প্রেরণ করবেন।

(গ) **ব্যবহারিক পরীক্ষায় প্রতি বিষয়ে কমপক্ষে একজন অভ্যন্তরীন এবং একজন বহি:পরীক্ষক বোর্ড কতৃক নিযুক্ত হবেন এবং কেন্দ্র ভিত্তিক নিয়োগ পত্র কেন্দ্রের ই-মেইলে আগামী ২৩/০৯/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করা হবে।** কোন অবস্থাতেই কোন শিক্ষক নিজ পরীক্ষার্থীদের অভ্যন্তরীন কিংবা বহি:পরীক্ষক নিযুক্ত হবেনা একই সাথে অবসরপ্রাপ্ত কোন শিক্ষক অভ্যন্তরীন ও বহি:পরীক্ষকের দায়িত্ব পালন হতে বিরত থাকবেন। যাবতীয় নম্বর উভয় পরীক্ষকের সম্মতির ভিত্তিতে প্রদান করতে হবে।

২। **আন্তঃ শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী অনলাইনে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অয়েব সাইটে CA/Practical Mark লিংক এর মাধ্যমে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রির শেষ তারিখ ০৫/১০/২০২৩ ।**

৩। এইচএসসি **২০২৩** পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীন / বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০(বিশ টাকা) ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ও আনুসাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ (ফরম পূরণের বিজ্ঞপ্তির ১৮ এর (গ) অনুসারে) হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০(দশ টাকা) এবং বহিরাগত পরীক্ষককে উত্তর পত্র প্রতি ১০(দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য এ বিষয়ে বোর্ড অভ্যন্তরীন ও বহিরাগত পরীক্ষককে টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

৪। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র সমূহ অবশ্যই অভ্যন্তরীন /বহিরাগত পরীক্ষকগণ যুক্তভাবে মূল্যায়ন ও স্বাক্ষর করবেন।

৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা পরীক্ষার্থীর নিজ নিজ কলেজে অনুষ্ঠিত হবে এবং উত্তরপত্র মূল্যায়ন ফি ফরম পূরণের বিজ্ঞপ্তির ১৮(গ) অনুসারে বন্টিত হবে। পরীক্ষা শেষে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান তাঁর এবং বিষয় ভিত্তিক শিক্ষকের স্বাক্ষরসহ নম্বরপত্র (নম্বর ফরম বোর্ডের ওয়েব সাইটের Forms অপশনে দেয়া আছে) কেন্দ্রে প্রেরণ করবেন। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে নম্বর নির্ভুলভাবে সার্ভারে এন্ট্রি দেয়ার ব্যবস্থা করবেন।

এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো। একই সাথে এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য উপ পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে মোবাইলে **(মোবাইল নম্বর ০১৭১৫০৯৫৬৯০)** অথবা সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১/০৯/২০২৩
(প্রফেসর মো: সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
Email : conbisemym@gmail.com

প্রাপক :
সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা
অত্র বোর্ডের সকল
উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা/২০২৩ কেন্দ্র